

আপনার সন্তানকে পরিষেবা প্রদানে আমরা যখন কাজ করে যাচ্ছি তখন আমি আপনার সহায়তা কামনা করছি। আমাদের স্কুলগুলো শিক্ষার্থীদের প্রদত্ত কিছু কিছু পরিষেবা, যেমন আপনার সন্তানের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যানের (IEPs) জন্য বাড়তি অর্থায়ন লাভ করতে পারে। আমাদের স্কুল যাতে এই অর্থায়ন লাভ করে সেজন্য আপনি এর আগে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করেছিলেন (1) স্টেট এবং ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলি আপনার সন্তানের বিশেষ শিক্ষা রেকর্ডে প্রবেশ করে তার বিশেষ শিক্ষা মূল্যায়ন, কর্মসূচি ও পরিষেবা সম্পর্কিত ব্যক্তিগতভাবে শনাক্ত যোগ্য তথ্য সংগ্রহ করবে এবং (2) এসব পরিষেবার মূল্য আপনার সন্তানের মেডিকেইড বেনিফিট থেকে আদায় করে নেবে। অনুগ্রহ করে নিচের তথ্য পাঠ করুন, এবং সংযুক্ত ফরমটি পূরণ করে আপনার সন্তানের স্কুলে ফেরত দিন।

আমাদের পাবলিক স্কুলগুলি আমাদের শিক্ষার্থীদের প্রদত্ত গুরুত্বপূর্ণ সহায়তাসমূহের জন্য যত বেশি সম্ভব অর্থায়ন যাতে লাভ করে সেজন্য সহায়তা করায় আপনাকে ধন্যবাদ।

---

### আমাকে এই সম্মতি ফরম পূরণ করতে বলা হচ্ছে কেন?

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYC DOE) শিক্ষার্থীদের প্রদত্ত বিশেষ শিক্ষা পরিষেবার কিছু ব্যয় নির্বাহে সহায়তা পেতে মেডিকেইড তহবিল ব্যবহার করে। আপনার সম্মতি নিয়ে, NYC DOE আপনার সন্তানকে মূল্যায়ন করা ও পরিষেবা দেয়ার পাওনা পরিশোধের দাবি পেশ করতে পারে। আপনার সন্তানের IEP-তে উল্লিখিত পরিষেবাসমূহ লাভের জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ বা এনরোল করতে হবে না।

### স্টেট ও ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলোকে আমার সন্তান সম্পর্কিত কোন্ তথ্য প্রদান করা হবে?

NYC DOE আপনার সন্তানের বিশেষ শিক্ষা মূল্যায়ন এবং তাকে প্রদত্ত পরিষেবাগুলি সম্পর্কিত ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য জোগাবে। এই তথ্যের মধ্যে থাকতে পারে আপনার সন্তানের IEP, অগ্রগতির নোট, উপস্থিতির তথ্য, তার মূল্যায়ন ও পরিষেবা সম্পর্কিত মূল্যায়ন এবং অন্যান্য রেকর্ড ও তথ্য।

### আমার বা আমার পরিবারকে কি এজন্য কোন ব্যয় বহন করতে হবে?

আপনাকে বা আপনার পরিবারকে কোন ব্যয় বহন করতে হবে না। এসব পরিষেবার কোন সুবিধার জন্য আপনাকে কোন ব্যয়, প্রিমিয়াম, খরচ বা কো-পেমেন্ট বহন করতে হবে না। আপনার সন্তানকে স্কুলে বা স্কুলের বাইরে যেসব পরিষেবা দেয়া হয় সেগুলো কোন অবস্থাতেই ক্ষতিগ্রস্ত হবে না। যদি আপনার সন্তান মেডিকেইড সুবিধা পায়, আপনার সুবিধা বাতিল হবে না, বিদ্যমান জীবনব্যাপী সুবিধা হ্রাস হবে না এবং আপনার পরিবার যেসব পরিষেবা পাচ্ছে সেগুলো ক্ষতিগ্রস্ত হবে না মেডিকেইড সুবিধায় হাত দেয়ার ফলে। আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত পরিষেবাগুলো লাভ করার জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ বা এনরোল করতে হবে না। আপনার মোট স্বাস্থ্য-সংক্রান্ত ব্যয়ের ভিত্তিতে আপনি যদি বাড়ি বা কমিউনিটিতে কোন সুবিধা লাভ করেন, তাহলে আপনার সেগুলোর যোগ্যতা হারানোর ঝুঁকিও নেই।

### আমি এনওয়াইসি ডিওইকে আমার সন্তানের তথ্য সংগ্রহ করে মেডিকেইড কর্মসূচিতে পাওনা দাবি করার ব্যাপারে আমার মত বদলের সম্মতি বাতিল করতে পারি কি? আমি সম্মতি না দিলে কী হবে?

আপনি যেকোন সময়ে এই সম্মতির ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারেন। সিদ্ধান্ত বদলে নতুন একটি ফরম পূরণ করে আপনার সন্তানের স্কুলে পাঠিয়ে দিন। আপনি পরে কোন এক তারিখে আপনার সম্মতি প্রত্যাহর করে নিলে, তা সত্ত্বেও NYC DOE-কে আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও পরিষেবা প্রদান করতে হবে যার জন্য আপনার কোন খরচ নেই।

আমি এনওয়াইসি ডিওইকে আমার সন্তানের তথ্য সংগ্রহ করে মেডিকেইড কর্মসূচিতে পাওনা দাবি করার ব্যাপারে আমার মত বদলে সম্মতি বাতিল করতে পারি কি? আমি সম্মতি না দিলে কী হবে?

হ্যাঁ - আপনি যেকোন সময়ে এই সম্মতির ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারেন। সিদ্ধান্ত বদলে নতুন একটি ফরম পূরণ করে আপনার সন্তানের স্কুলে পাঠিয়ে দিন। আপনি পরে কোন এক তারিখে আপনার সম্মতি প্রত্যাহার করে নিলেও, এনওয়াইসি ডিওইকে তাসস্বেও আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও পরিষেবা প্রদান করতে হবে যার জন্য আপনার কোন খরচ হবে না।

<<Student's last name>> <<Student's first name>> <<Date of birth>> <<NYC student ID>>

অনুগ্রহ করে একটি পছন্দ নির্বাচন করুন, ফরমে সই ও তারিখ দিন, এবং আপনার সন্তানের স্কুলে এই ফরম ফেরত দিন।

- হ্যাঁ, আমি বুঝেছি এবং সম্মত হয়েছি যে এনওয়াইসি ডিওই আমার সন্তানের বিশেষ শিক্ষা রেকর্ডে প্রবেশ করতে পারে, যার মধ্যে থাকতে পারে ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি), অগ্রগতির নোট, উপস্থিতির রেকর্ড, মূল্যায়ন এবং আপনার সন্তানকে দেয়া হয় এমন পরিষেবা ও মূল্যায়ন সম্পর্কিত রেকর্ড এবং মেডিকেইড থেকে ব্যয়পরিশোধের জন্য প্রয়োজনবোধে ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য এই তথ্য স্টেট ও ফেডারেল মেডিকেইড এজেন্সির কাছে প্রকাশ করতে পারে। আমি সম্মত হচ্ছি যে এনওয়াইসি ডিওই আমার সন্তানের আইইপি মোতাবেক প্রদত্ত বিশেষ শিক্ষা ও পরিষেবা ব্যয় নির্বাহে আমার সন্তানের মেডিকেইড সুবিধা থেকে অর্থ গ্রহণ করতে পারে।

# নমুনা

পিতামাতা অথবা অভিভাবকের স্বাক্ষর

তারিখ

- না, আমি আমার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার ব্যয় নির্বাহে মেডিকেইড থেকে অর্থ গ্রহণে এনওয়াইসি ডিওইকে আমার সন্তানের বিশেষ শিক্ষা রেকর্ডে প্রবেশ করতে দেব না।

পিতামাতা অথবা অভিভাবকের স্বাক্ষর

তারিখ